# বাংলাদেশ শিপিং কর্পোরেশন
## চট্টগ্রাম।
www.bsc.gov.bd

নং-১৮.১৬.০০০০.৩৫২.১১.০১১.২৩- তারিখ: ০৩-১০-২০২৩ খ্রি.

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ শিপিং কর্পোরেশনের নিম্নে উল্লেখিত শূন্য পদে সরাসরি নিয়োগের লক্ষ্যে যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে অনলাইনে দরখাস্ত আহবান করা যাচ্ছে। পূরণযোগ্য পদের নাম, শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য তথ্যের বিবরণ নিম্নরূপঃ -

| ক্রঃ নং | পদের নাম ও বেতনস্কেল (বিএসসি'র বেতনস্কেল- ২০১৫ অনুযায়ী) | পদ সংখ্যা | বয়সসীমা (২৯-১০-২০২৩খ্রি: তারিখে বয়স ) | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ০১। | উপ-মহাব্যবস্থাপক<br>(জাহাজ মেরামত)<br>বেতন স্কেল : টাকা: ৫২২০০-৭৪৩৪০/- | ১টি | ৪০ | প্রথম শ্রেণীর কম্পিটেন্সি সার্টিফিকেট (মোটর) এবং উক্ত সার্টিফিকেট প্রাপ্তির পর সমুদ্রগামী জাহাজে ৩ বৎসরের অভিজ্ঞতা। |
| ০২। | উপ-মহাব্যবস্থাপক<br>(কার্গো সুপারভিশন এন্ড অপারেশন)<br>বেতন স্কেল : টাকা: ৫২২০০-৭৪৩৪০/- | ১টি | ৪০ | প্রথম শ্রেণীর কম্পিটেন্সী সার্টিফিকেট (ডেক) এবং উক্ত সার্টিফিকেট প্রাপ্তির পর সমুদ্রগামী জাহাজে ৩ বৎসরের অভিজ্ঞতা।<br>অথবা দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রিসহ সংশ্লিষ্ট কাজে ৮ বৎসরের অভিজ্ঞতা। |

| আবেদন সংক্রান্ত নির্দেশনাবলি | বর্ণনা |
|---|---|
| আবেদন প্রক্রিয়া | এ বিজ্ঞপ্তির অধীনে আগ্রহী প্রার্থীগণকে বিএসসি 'র নিজস্ব অনলাইন জব পোর্টালের মাধ্যমে আবেদন করতে হবে। সে লক্ষ্যে www.job.bsc.gov.bd এই ওয়েবসাইটে বাংলাদেশ শিপিং কর্পোরেশন কর্তৃক নির্ধারিত আবেদনপত্র পূরণ করে অনলাইনে রেজিষ্ট্রেশন কার্যক্রম এবং পরীক্ষার ফি জমা প্রদান করতে হবে। আবেদনকারীদের মধ্যে যোগ্য প্রার্থীদেরকে এসএমএস নোটিফিকেশনের মাধ্যমে নিয়োগ সংক্রান্ত পরীক্ষার সময়, স্থান ও সংশ্লিষ্ট অন্যান্য বিষয়ে যথাসময়ে অবহিত করা হবে। |
| অনলাইনে আবেদন ও পরীক্ষার ফি জমাদানের শুরুর তারিখ ও সময় | অক্টোবর ০৮, ২০২৩ সময়: সকাল ৯.০০ ঘটিকা। |
| অনলাইনে আবেদন ও পরীক্ষার ফি জমাদানের শেষ তারিখ ও সময় | অক্টোবর ২৯, ২০২৩ সময়: রাত ১২.০০ ঘটিকা। |
| আবেদন সংক্রান্ত তথ্যাদি | বাংলাদেশ শিপিং কর্পোরেশনের নিয়োগ পরীক্ষা , ২০২৩ এর বিজ্ঞপ্তি, অনলাইনে আবেদনপত্র পূরণের নিয়মাবলি , পরীক্ষার ফি প্রদানের নিয়মাবলি ও অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি বিএসসি'র নিজস্ব ওয়েবসাইট www.bsc.gov.bd এ পাওয়া যাবে। |
| আবেদন ফি | ক্রমিক ১ ও ২ নম্বর (উপ-মহাব্যবস্থাপক) পদের জন্য ৬০০/- (ছয়শত) টাকা (অফেরৎযোগ্য)। |

| | |
|---|---|
| লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে মৌখিক পরীক্ষা/সাক্ষাৎকারের সময় অবশ্যই বর্ণিত সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে। | (ক) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ; (খ) অভিজ্ঞতার সনদপত্র ; (গ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র ; (ঘ) স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র; (ঙ) জাতীয় পরিচয়পত্র (NID); (চ) C.D.C (Continuous Discharge Certificate); (ছ) প্রথম শ্রেণীর কম্পিটেন্সি সার্টিফিকেট (ডেক/মোটর); ইত্যাদির মূল সনদপত্র এবং (জ) সম্প্রতি তোলা ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি মৌখিক পরীক্ষার সময় সঙ্গে আনতে হবে।<br><br>এছাড়া, অনলাইনে পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপিসহ উপর্যুক্ত সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি (১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে মৌখিক পরীক্ষার সময় বাছাই কমিটির কাছে জমা প্রদান করতে হবে। |
| প্রার্থীদের বয়সসীমা | বিজ্ঞপ্তিতে উল্লিখিত ২৯-১০-২০২৩খ্রিঃ তারিখ পর্যন্ত প্রার্থীর বয়স অনূর্ধ্ব ৪০ (চল্লিশ) বৎসর হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এস.এস.সি/সমমানের পরীক্ষার সার্টিফিকেটে লিপিবদ্ধ জন্ম তারিখ প্রকৃত জন্ম তারিখ হিসেবে গন্য হবে এবং বয়স সংক্রান্ত কোনো এফিডেভিট (Affidavit) গ্রহণযোগ্য হবে না। |
| শর্তাবলী | ১) নির্বাচনী পরীক্ষায় (লিখিত-মৌখিক)/সাক্ষাৎকার-এ অংশগ্রহণের জন্য প্রার্থীদেরকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।<br>২) জিপিএ তে ফলাফল প্রাপ্ত প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে বিভাগ /শ্রেণী নির্ধারণের জন্য এতদবিষয়ে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত পরিপত্র অনুসরণ করা হবে।<br>৩) কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকুরিতে নিয়োগপ্রাপ্ত হলে কোনো কারণ দর্শানো ব্যাতিরেকে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করা হবে এবং তাঁর বিরূদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।<br>৪) সরকারি/আধা-সরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরিরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে ; কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।<br>৫) বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদসংখ্যা হ্রাস-বৃদ্ধি বা বাতিল /প্রত্যাহারের অধিকার র্কতৃপক্ষ সংরক্ষণ করে। তাছাড়া , নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।<br>৬) আবেদনপত্র গ্রহণ, বাছাই এবং নিয়োগের ক্ষেত্রে কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাংলাদেশ শিপিং কর্পোরেশন কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হবে। এ বিজ্ঞপ্তি আংশিক /সম্পূর্ণ পরিবর্তন /বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে। |

## সতর্কীকরণ

নিয়োগ সংক্রান্ত বিষয়ে কোনো পক্ষের সাথে কোনো প্রকার যোগাযোগ এবং আর্থিক লেনদেনের তথ্য পাওয়া গেলে তা প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য করা হবে এবং তাৎক্ষণিক প্রার্থীর বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

সচিব
বাংলাদেশ শিপিং কর্পোরেশন
বিএসসি ভবন, সল্টগোলা রোড, চট্টগ্রাম।